



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী  
অডিট, আইন ও সমিতি শাখা



সাধারণ বীমা ভবন (৯ তলা), গ্রেটার রোড, রাজশাহী।

নম্বর ৪৭.৬১.০০০০.২৪৩.২২.০০১.১৭.৮

তারিখ: ১৭ পৌষ ১৪২৯  
০১ জানুয়ারি ২০২৩

### বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সভার নোটিশ।

বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী এর ২০২২-২০২৩ অর্থ বছরের তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সভা আগামী ০৩-০১-২০২৩ খ্রি। তারিখ মঙ্গলবার বিকাল ৩ টায় এ দণ্ডরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় কমিটির সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

১-১-২০২৩  
মোঃ নূরুল্লাহ  
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (অতিরিক্ত দায়িত্ব)  
ফোন: ০২৫৮৮৮৫৫৫৪৬  
ইমেইল: jr.rajshahi@coop.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ-নিবন্ধক, এমআইএস, সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ২) জেলা সমবায় কর্মকর্তা, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ/নাটোর/সিরাজগঞ্জ/পাবনা/বগুড়া/জয়পুরহাট।
- ৩) উপ নিবন্ধক (প্রশাসন), প্রশাসন শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী, সদস্য ও ফোকাল পয়েন্ট, তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।
- ৪) পরিদর্শক, অডিট, আইন ও সমিতি শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী ও সদস্য তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।
- ৫) পরিদর্শক, অডিট, আইন ও সমিতি শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী ও সদস্য তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।
- ৬) হিসাব রক্ষক, প্রশাসন শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী ও সদস্য তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর আওতায় তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির  
৩য় ব্রৈমাসিক সভার উপস্থিতি

স্থান: বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী

তারিখ: ০৩/০১/২০২৩ খ্রি.

সময়: সকাল ১০: ০০ টা

ক্রমিক	নাম ও পদবি	কমিটি পরিচিতি	স্বাক্ষর
১	জনাব মোঃ শাহানা শিল্পী উপনিবেষ্টক (প্রসাশন) বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী	ফোকাল পয়েন্ট	
২	জনাব মোঃ জুয়েল উদ্দিন পরিদর্শক বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী	সদস্য	
৩	মোঃ জাহিদ কাদের পরিদর্শক বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী	সদস্য	
৪	শরিফুল হক হিসাব রক্ষক বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী	সদস্য	

বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী এর ২০২২-২০২৩ অর্থ বছরের

তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

তারিখ: ০৩-০১-২০২৩

স্থান: সম্মেলন কক্ষ, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী

জনাব মোঃ নূরুন্নবী, যুগ্মনিবন্ধক (অ.দা.), বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী মহোদয়ের সভাপতিতে সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে জনাব মোছাঃ শাহানা শিল্পী, এপিএ ফোকাল পয়েন্ট ও উপনিবন্ধক (প্রশাসন), বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী সভা পরিচালনা করেন। সভায় নিম্নবর্ণিত বিষয় আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১	৩য় কোয়ার্টার এর কর্মপরিকল্পনা বাস্তবায়ন	সভায় জনাব মোঃ জাহিদ কাদের জানান, লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩টি প্রশিক্ষণের মধ্যে ২টি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং ৩টি সভা/প্রচার কার্যক্রমের মধ্যে ২টি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। ৩য় কোয়ার্টার তথ্য অধিকার বিষয়ক ১টি প্রশিক্ষণ অথবা সভা আহ্বান করা যেতে পারে। এ বিষয়ে জনাব মোছাঃ শাহানা শিল্পী ৩য় কোয়ার্টারে প্রশিক্ষণ এবং ৪র্থ কোয়ার্টারে সভা বা প্রচার কার্যক্রম করার প্রস্তাব দেন।	সভায় আলোচনা শেষে ৩য় কোয়ার্টারের মাঝামাঝিতে দপ্তরের কর্মকর্তা-কর্মচারিগণের সমন্বয়ে তথ্য অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহিত হয় এবং কর্মপরিকল্পনা অনুযায়ী যাবতীয় কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করে ওয়েব পোর্টালে আপলোড এবং স্কীনশট সংরক্ষণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হয়।
২	কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি পুনর্গঠন	সভায় জনাব মোছাঃ শাহানা শিল্পী বলেন, বিদ্যমান বাস্তবায়ন কমিটির সকল সদস্য দপ্তরে কর্মরত থাকায় কমিটি পুনর্গঠনের প্রয়োজন নেই।	সভায় আলোচনা শেষে এ দপ্তরের আদেশ নং ১৫৭০, তারিখ: ০৮-১২-২০২২ মূলে গঠিত বাস্তবায়ন কমিটি বলৱৎ রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং এ মর্মে প্রত্যয়ন জারি করে তথ্য সেবাবঙ্গে আপলোড করার সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
মোঃ নূরুন্নবী


বিভাগীয় যুগ্মনিবন্ধক (অ. দা.)

পত্র নং ২৯/১৮)

তারিখ: ০৩-০১-২০২৩ খ্রি।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ২। মোছাঃ শাহানা শিল্পী, উপনিবন্ধক (প্রশাসন), বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।
- ৩। মোঃ জাহিদ কাদের, পরিদর্শক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।
- ৪। মোঃ জুয়েল উদ্দিন, পরিদর্শক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।
- ৫। শরিফুল হক, হিসাবরক্ষক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।

  
মোঃ নূরুন্নবী

বিভাগীয় যুগ্মনিবন্ধক (অ. দা.)